## টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকাসমূহে ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন (কানেক্টেড বাংলাদেশ) প্রকল্প (১ম সংশোধিত)

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিষয়বস্তু</th><th>বিবরণ</th></tr>
<tr><td>১</td><td>প্রকল্পের নাম</td><td>টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকাসমূহে ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন (কানেক্টেড বাংলাদেশ) প্রকল্প।</td></tr>
<tr><td>২</td><td>মেয়াদ</td><td>অক্টোবর ২০১৮- জুন ২০২৫</td></tr>
<tr><td>৩</td><td>প্রাক্কলিত ব্যয়</td><td><table>
<tr><td>অর্থের উৎস</td><td>সামাজিক দায়বদ্ধতা তহবিল, বিটিআরসি।</td></tr>
<tr><td>বৈদেশিক সাহায্য</td><td>প্রযোজ্য নয়</td></tr>
<tr><td>এসওএফ (SoF)</td><td>৫০৪৪৩.৩১ (লক্ষ টাকায়)</td></tr>
<tr><td>মোট</td><td>৫০৪৪৩.৩১ (লক্ষ টাকায়)</td></tr>
</table></td></tr>
<tr><td>৪</td><td>জনবল</td><td>কর্মকর্তা: ৪৯ জন<br>কর্মচারী : ০৬ জন</td></tr>
<tr><td>৫</td><td>পটভূমি</td><td>টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকাসমূহে ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন (কানেক্টেড বাংলাদেশ) প্রকল্পটি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকারের একটি অবিচ্ছেদ্য অংশ। সরকারের এ রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে সরকার দেশব্যাপী সুদৃঢ়, আধুনিক এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিকাঠামো প্রতিষ্ঠার অঙ্গীকার ঘোষণা করেছে। এ লক্ষ্যে সারাদেশে আইসিটি নেটওয়ার্ক স্থাপন কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে দেশের ৬৫৩ টি ইউনিয়নকে ব্রডব্যান্ড নেটওয়ার্কের আওতায় আনা হবে।</td></tr>
<tr><td>৬</td><td>লক্ষ্য ও উদ্দেশ্য</td><td>• ইউনিয়নের সকল স্কুল/কলেজ/মাদ্রাসা, গ্রোথ সেন্টার, টেলিকম অপারেটর ইত্যাদি স্থানে নেটওয়ার্ক সংযোগ প্রদানের লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি)-এর নেটওয়ার্ক সক্ষমতা বৃদ্ধি করা;<br>• টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকায় জনগণের দোরগোড়ায় সরকারি ই-সেবাসমূহ পৌঁছানোর অবকাঠামো সৃষ্টি;<br>• আইসিটি ব্যবহারের মাধ্যমে ই-কমার্স, ই-সার্ভিস, টেলিমেডিসিন প্রসারে সহযোগিতা করা;<br>• ৬৫৩টি ইউনিয়নে ডিজিটাল বিভাজন বৈষম্য দূরীকরণ।</td></tr>
<tr><td>৭</td><td>প্রকল্পের উল্লেখ্যযোগ্য কম্পোনেন্টে</td><td>• নেটওয়ার্ক কানেক্টিভিটি সম্প্রসারণ : টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত অবস্থিত ৬৫৩টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক স্থাপন। ইউনিয়ন নির্বাচনের ক্ষেত্রে সরকারি অন্যান্য প্রকল্পের মাধ্যমে যে সকল ইউনিয়নে সংযোগ স্থাপন করা হয়েছে সে সকল ইউনিয়ন ব্যতিরেকে অন্যান্য ইউনিয়ন নির্বাচন করা হয়েছে।<br>• নেটওয়ার্ক হাব স্থাপন: ৬৫৩টি ইউনিয়নে একটি করে নেটওয়ার্ক হাব স্থাপন করা হবে যা নিকটবর্তী ইনফো সরকার-৩ ও অন্যান্য NTTN (প্রয়োজন সাপেক্ষে) এর Point of Presence(PoP) থেকে শুধুমাত্র অপটিক্যাল ফাইবার এর মাধ্যমে সংযোগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| | | ● সাইট সার্ভে ও ডিজাইন-এর উপর ভিত্তি করে ৫১০৬ কিমি ভূ-গর্ভস্থ লাইন ও ৩০০০ কিমি ওভারহেড অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের করা হবে। অপটিক্যাল ফাইবার স্থাপনের কাজে ডিজাইন ও বাস্তবায়নে এর কি কি উপায়ে (ভূ-গর্ভস্থ লাইন/ওভারহেড প্রভৃতি) স্থাপিত হবে তা বিটিআরসি কর্তৃক প্রণীত GIS Interactive Map এর আলোকে বিটিআরসি’র মতামত গ্রহণপূর্বক করা হবে।<br>● মনিটরিং সিস্টেম: স্থাপিতব্য নেটওয়ার্ক কেন্দ্রীয়ভাবে মনিটরিং এর ব্যবস্থা করা হবে যা বিসিসি এর বিদ্যমান মনিটরিং সিস্টেমের সাথে ইন্টিগ্রেট করা হবে।<br>● বৈদেশিক প্রশিক্ষণ: চীন/দঃ কোরিয়ায় অথবা আইসিটি সেক্টরে উন্নত দেশসমূহে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও সংশ্লিষ্ট অন্যান্য বিভাগের কর্মকর্তাবৃন্দ উন্নত বিশ্বের নেটওয়ার্ক ব্যবহার করে বিভিন্ন ই-গর্ভনেন্স সার্ভিস ও ইনফ্রাস্ট্রাকচার সম্পর্কে সাম্যক জ্ঞান অর্জন করবে।<br>● লোকাল প্রশিক্ষণ: স্থাপিতব্য এ নেটওয়ার্ক সুষ্ঠুভাবে পরিচালনা ও মেইনটেনেন্সের জন্য এ নেটওয়ার্কের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/ইঞ্জিনিয়ার/ইউনিয়ন টেকনেশিয়ানদেরকে হাতে কলমে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>● মালামাল সরবারহের পূর্বে প্রয়োজনে প্রকল্প হতে বিশেষজ্ঞ কমিটি কারখানা পরিদর্শন করবে। |
| ৮ | বাস্তব অগ্রগতি | ১। সারাদেশে ৮টি বিভাগে প্রকল্পের ৭০০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে।<br>২। সারাদেশে ৮টি বিভাগে প্রকল্পের ৬৫৩টি PoP Renovation এর কাজ সম্পন্ন হয়েছে।<br>৩। সারাদেশে ৮টি বিভাগে প্রকল্পের Active Network Equipment স্থাপনের কাজ শেষ পর্যায়ে।<br>৪। বাংলাদেশ কেবল শিল্প লিঃ খুলনা থেকে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণ করে ৮১০৬ কিঃমিঃ যার মধ্যে ৪৮ কোর ৫১০৫ কিঃমিঃ এবং ২৪ কোর ৩০০০ কিঃমিঃ অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্রয়ের নিমিত্ত ক্রয় চুক্তি করা হয়েছে এবং বর্তমানে সমগ্র বাংলাদেশে বিভিন্ন সাইটে অপটিক্যাল ফাইবার ক্যাবল সরবরাহ করা হচ্ছে।<br>৫। বাংলাদেশ কেবল শিল্প লিঃ খুলনা থেকে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণ করে ৫০০০ কিঃমিঃ DUCT পাইপ ক্রয়ের নিমিত্তে ক্রয় চুক্তি করা হয়েছে এবং বর্তমানে সমগ্র বাংলাদেশে বিভিন্ন সাইটে DUCT সরবরাহ করা হচ্ছে।<br>৬। তাছাড়া ফার্নিচার, অফিস ষ্টেশনারী, অফিস ইকুপমেন্ট, আউটসোসিং, গাড়ীভাড়া ইত্যাদি দরপত্রের কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>৭। প্রকল্পে ১ জন প্রকল্প পরিচালক, ২ জন উপ-প্রকল্প পরিচালক রয়েছে। এছাড়া ১ জন জুনিয়র নেটওয়ার্ক স্পেশালিস্ট (আইপি), ১ জন নেটওয়ার্ক স্পেশালিস্ট (ট্রান্সমিশন), ৪জন জুনিয়র নেটওয়ার্ক স্পেশালিস্ট (ট্রান্সমিশন) ও ৪০ জন সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ১ |

| | | |
|---|---|---|
| | | জন হিসাবরক্ষক, ১ জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং, ২ জন অফিস সহায়ক ও ১ জন ক্লিনার রয়েছে।<br>আর্থিক অগ্রগতি: ৫৪.০০%<br>বাস্তব অগ্রগতি: ৯০.০০% |
| ৯ | প্রশিক্ষণ | স্থানীয়: ৩৬ জন সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার এর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। |
| ১০ | সেমিনার/কর্মশালা/আয়োজিত ইভেন্ট ও প্রতিযোগিতা | এখনও সম্পন্ন হয়নি। |

জগদীশ চন্দ্র সরকার
প্রকল্প পরিচালক (উপসচিব)
কানেক্টেড বাংলাদেশ প্রকল্প
ফোনঃ +৮৮০২৫৫০০৬৯১১

| | |
|---|---|
|  |  |
| প্রকল্পের Opencut এর  কাজ চলছে | প্রকল্পের HDD কাজ চলছে। |
|  |  |
| প্রকল্পের PoP রুমে Active Equipment স্থাপন করা হয়েছে। | প্রকল্পের Opencut এর  কাজ চলছে |

| | |
|---|---|
|  |  |
| প্রকল্পের HH | প্রকল্পের HH |
|  |  |
| প্রকল্পের Boring এর কাজ চলছে। | প্রকল্পের Arial cable স্থাপন এর কাজ চলছে। |
|  |  |